রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৩০, ২০১৪

## ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**সশস্ত্র বাহিনী বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ মাঘ ১৪২০/২৭ জানুয়ারি ২০১৪

**নং ০৬.০০.০০০০.০২২.৬৭.০০৩.১৪-৭৭**—মাননীয় প্রধানমন্ত্রী প্রীত হয়ে প্রতিরক্ষা বাহিনীর সদস্যবৃন্দের জন্য (বেসামরিক কর্মকর্তা/ কর্মচারী ব্যতীত) নিম্নরূপভাবে ‘সশস্ত্র বাহিনী বেতন কমিটি-২০১৩’ নামে একটি বেতন কমিটি গঠনের জন্য সদয় অনুমোদন প্রদান করেছেনঃ

ক। সভাপতি ঃ লেঃ জেনারেল আনোয়ার হোসেন, এনডিসি, পিএসসি, কিউএমজি, বাংলাদেশ সেনাবাহিনী, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

খ। সদস্য ঃ (১) মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান, এইচডিএমসি, পিএসসি, কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬।

(২) রিয়ার এডমিরাল এম ছাইফুল কবীর, (এল), এনডিইউ, পিএসসি, বিএন, সহকারী নৌ প্রধান (লজিস্টিকস্), নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

(৩) এয়ার ভাইস মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত, জিডি(পি), সহকারী বিমান বাহিনী প্রধান (প্রশাসন), বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

(৪) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহ্ আলম চৌধুরী, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক, সেনাসদর, এজি’র শাখা, বেতন, ভাতা এবং হিসাব পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

(৫) জনাব মোঃ মাছুম খান, যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

(৬) ক্যাপ্টেন এম জহির উদ্দিন, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন, পরিচালক, বেতন, পেনশন ও হিসাব পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

(৭) গ্রুপ ক্যাপ্টেন মোঃ আবু বকর, ফিন্যান্স, পরিচালক অর্থ, অর্থ পরিদপ্তর, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

গ। সদস্য সচিব ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শহীদুল ইসলাম, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, মহাপরিচালক, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

২। উপরোক্ত কমিটির কার্যপরিধি (Terms of Reference) নিম্নরূপ হবে ঃ

ক। কমিটি সশস্ত্র বাহিনীর আওতাভুক্ত (বেসরকারি কর্মকর্তা/কর্মচারী ব্যতীত) সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের (এমওডিসিসহ) বর্তমান বেতন-ভাতা, অবসরভাতা ও পারিবারিক অবসরভাতাসহ অন্যান্য সুবিধাদি পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে সুপারিশমালা প্রনয়ণ করবে ঃ

(১) কর্মকর্তা-কর্মচারীদের জন্য একটি সময়োপযোগী ও যথাপযুক্ত বেতন কাঠামো নির্ধারণ।

(২) বিশেষায়িত (Specialised) চাকুরীধারীদের বেতন কাঠামো নির্ধারণ।

(৩) বেতন কাঠামো নির্ধারণকালে বেতন-ভাতার উপর আরোপযোগ্য কর (আয়কর) জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক সরাসরি পরিশোধ করার ক্ষেত্রে বেতন কাঠামো স্থিরীকরণ।

(৪) বেতন-বহির্ভূত অন্যান্য সুবিধাদি, যেমন বাড়ি ভাড়া/চিকিৎসা/ যাতায়াত/আপ্যায়ন/প্রেষণ/কার্যভার/মহার্ঘ/উৎসব এবং শ্রান্তিবিনোদন ইত্যাদি ভাতা নিরূপণ।

(৫) মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্য রেখে কর্মকর্তা-কর্মচারীদের বেতন সমন্বয়ের পদ্ধতি নিরূপণ।

(৬) যথোপযুক্ত/সময়োপযোগী অবসর সুবিধাদি নির্ধারণ।

(৭) কর্মকর্তা-কর্মচারীগণের কাজের মান নিরূপণ/মূল্যায়নপূর্বক বেতন-ভাতা কাঠামোয় প্রতিফলন।

(৮) সরাসরি সেবা (টেলিফোন, গাড়ি, মোবাইল ফোন ইত্যাদি) সংক্রান্ত প্রাধিকারসমূহ আর্থিক সুবিধায় নগদায়ন এবং রেশন সুবিধা যৌক্তিকীকরণ।

(৯) টাইম স্কেল, সিলেকশন গ্রেড এবং ইনক্রিমেন্ট প্রাপ্তিতে বেতনক্রমের বিদ্যমান অসংগতি নিরীক্ষাক্রমে বেতনক্রম নিরূপণ এবং টাইমস্কেল, সিলেকশন গ্রেড প্রদান ও অসংগতি দূরীকরণের সুপারিশ প্রণয়ন।

(১০) বেতনক্রমের বিদ্যমান অসংগতি পুনঃপরীক্ষাপূর্বক বাহিনীসমূহের মধ্যে বিরাজমান বেতন-ভাতার বৈষম্য (যদি থাকে) দূরীকরণ।

খ। কমিটি বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে জীবনবেগী কর্মকর্তা ও কর্মচারীদের চাকরির বিষয়ে নিম্নবর্ণিত সুপারিশমালা প্রণয়ন করবে ঃ

(১) পদমর্যাদা ও পদবিন্যাস নির্ধারণ।

(২) বিভিন্ন কর্মকর্তাদের নির্দিষ্ট গুচ্ছভুক্ত করার পদ্ধতি নিরূপণ।

(৩) উচ্চতর স্তরে পদায়ন করতে গিয়ে প্রতিযোগিতার সুযোগ নির্ধারণ।

(৪) জীবনবেগী চাকরিতে পদোন্নতির ক্ষেত্রে প্রশিক্ষণের অভিজ্ঞতার গুরুত্ব নিরূপণ।

গ। কমিটি সুপারিশ প্রণয়নকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে ঃ

(১) পিতা-মাতাসহ অনূর্ধ্ব ছয় জনের একটি পরিবারের জীবন-যাত্রার ব্যয়।

(২) অনূর্ধ্ব দুই সন্তানের শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয়।

(৩) দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, সরকারের সম্পদ পরিস্থিতি, প্রশাসনিক ও নিরাপত্তা ব্যবস্থার জন্য সম্পদের প্রয়োজনীয়তা।

(৪) সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয়ের অবস্থা।

(৫) দারিদ্র্য নিরসনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সম্পদ যোগান ও ক্রমান্বয়ে স্বনির্ভরতা অর্জনের উপায়।

(৬) মেধাবী ও দক্ষ কর্মকর্তা নিয়োগ।

(৭) কর্মকর্তা-কর্মচারীগণের দক্ষতা ও কর্মোদ্যোগ বৃদ্ধি করে সেবার মান উন্নয়ন।

(৮) দেশের মৌলিক নীতিমালার সাথে প্রতিরক্ষা বাহিনীর বিশেষ সম্পর্ক।

(৯) বেতন ও চাকরি কমিশন, ২০১৩ এর প্রস্তাবিত স্কেলের সাথে ভারসাম্য রক্ষা।

(১০) মেধাবী ও দক্ষ কর্মকর্তা আকৃষ্ট করার প্রয়োজনীয়তা।

(১১) সশস্ত্র বাহিনীর অতীত কীর্তি ও ভাবমূর্তি।

(১২) শান্তি ও যুদ্ধকালে দেশ ও জাতির প্রতি সশস্ত্র বাহিনীর সদস্যদের দায়িত্ব ও কর্তব্য।

(১৩) প্রশিক্ষণ ও চাকরিকালে সশস্ত্র বাহিনীর সদস্যদের বিপদ সংকুল অবস্থা, কঠোর পরিশ্রম ও ত্যাগী জীবন।

(১৪) পরিবার হতে বিচ্ছিন্ন থেকে জীবনের সর্বোৎকৃষ্ট সময় চাকুরিতে ব্যয়।

(১৫) চাকুরি জীবনে শারীরিক ও মানসিক যোগ্যতার আদর্শ মান বজায় রাখা।

(১৬) দায়িত্ব-কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদন করণার্থে সার্বক্ষণিক (২৪ ঘন্টা) প্রস্তুত থাকা।

(১৭) তুলনামূলক কম দীর্ঘ চাকুরির দরূণ অল্প বয়সে চাকুরি হতে অবসর গ্রহণ।

(১৮) যুদ্ধাবস্থা ছাড়াও যেকোনো দুর্যোগপূর্ণ অবস্থা মোকাবেলায় জীবনের ঝুঁকি নিয়ে কর্তব্য পালন।

৩। কমিটি সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে নিজস্ব নীতি ও পদ্ধতি অনুসরণ করবে। প্রয়োজনবোধে দেশের যে কোন সংস্থার কাছে যে কোন তথ্য চাইতে পারবে এবং যে কোন ব্যক্তি বা সংস্থার সহায়তা নিতে পারবে। এছাড়া, কমিটি প্রয়োজনবোধে তিন বাহিনীর জন্য পৃথক পৃথক তিনটি সাব-কমিটি গঠন করে তাদের সুপারিশ বিবেচনা করতে পারবে এবং সশস্ত্র বাহিনীর যে কোন সদস্যকে প্রয়োজনে এই কমিটি/সাব-কমিটির সাথে সহযোজন করতে পারবে।

৪। কমিটি অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৬১.০০.০০৪.১৩.২৭২ তারিখ ২৪ নভেম্বর ২০১৩ এর মাধ্যমে গঠিত বেতন ও চাকরি কমিশন, ২০১৩ এর সাথে সমন্বয় এবং নিবিড় যোগাযোগ রক্ষা করে কাজ করবে।

৫। কমিটি তাদের সুপারিশ পুস্তক আকারে ২৫ কপি ১৬ জুন ২০১৪ তারিখের মধ্যে সশস্ত্র বাহিনী বিভাগে পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু বেলাল মোহাম্মদ শফিউল হক**
লেঃ জেনারেল
প্রিন্সিপাল ষ্টাফ অফিসার।